

সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ ক্যাথেটার (Catheter) কি সাওমে কোনো প্রভাব ফেলবে? রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ক্যাথেটার (Catheter) কি সাওমে কোনো প্রভাব ফেলবে?

বিবরণ: রোগীর মূত্রনালীতে বিশেষ এক ধরণের প্লাস্টিক পাইপ লাগানো হয়, যা রোগীর অনিচ্ছা সত্ত্বেও পেশাব নির্গত করে। এটিই হচ্ছে, ক্যাথেটার। এর মাধ্যমে নির্গত পেশাব একটি ব্যাগে গিয়ে জমা হয়। রোগীকে ডাক্তার ক্যাথেটার দেওয়ার অন্যতম কারণ হচ্ছে, রোগীর স্বাভাবিক পেশাব না হওয়া অথবা তার টয়লেটে যেতে সমস্যা হওয়া। এই ক্যাথেটার ব্যবহার সাওমে কোনো প্রভাব ফেলবে কি?

হুকুম: কেউ তার মূত্রনালীতে তরল বা তেল জাতীয় কিছু প্রবেশ করালে তার সাওম নষ্ট হবে কিনা সে বিষয়ে পূর্ববর্তী ফকীহগণ গবেষণা করেছেন এবং তারা দ্বিমত পোষণ করেছেন:

প্রথম মত: অধিকাংশ ফকীহর মতে, মূত্রনালীতে ফোঁটায় ফোঁটায় কিছু প্রবেশ করালে সাওম ভাঙ্গবে না। কেননা লিঙ্গের অভ্যন্তর এবং পেটের মধ্যে কোনো রাস্তা নেই। অতএব, মূত্রনালীতে ফোটায় ফোটায় কিছু প্রবেশ করালে সাওম ভাঙ্গবে এমন কথা বলার কোনো সুযোগই নেই।

দ্বিতীয় মত: কারো কারো মতে, মূত্রনালীতে ফোঁটায় ফোঁটায় কিছু প্রবেশ করালে সাওম ভাঙ্গবে। ইমাম আবু ইউসুফ রহ. এই মতের প্রবক্তা, তবে তিনি শর্ত করেছেন যে, সাওম নষ্ট হওয়ার জন্য ঐ জিনিসটাকে মূত্রাশয় পর্যন্ত পোঁছতে হবে। কেননা মূত্রাশয় এবং পেটের মধ্যে যোগসূত্র রয়েছে।

তবে আধুনিক চিকিৎসা বিজ্ঞানীগণ ছাফ বলে দিয়েছেন যে, মূত্রাশয় এবং পাকস্থলীর মধ্যে দূরতম কোনো সম্পর্কও নেই।

আধুনিক চিকিৎসা বিজ্ঞানীগণের বক্তব্য প্রথম মতকে শক্তিশালী করে। অর্থাৎ ক্যাথেটার সাওমের বিশুদ্ধতায় কোনো প্রভাব ফেলবে না। 'আন্তর্জাতিক ফিকহ একাডেমী' এই মত সমর্থন করেছে।

তবে দ্বিতীয় মতানুযায়ী ক্যাথেটার সাওম ভঙ্গ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9820

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন